

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৫২৮

আগরতলা, ৩ নভেম্বর, ২০২৩

**স্বন্দন পত্রিকা আয়োজিত শারদ সম্মান অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী  
সমাজে সুস্থ পরিবেশ রক্ষায় ক্লাবগুলির গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে**

সমাজে সুস্থ পরিবেশ রক্ষায় ক্লাবগুলির গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। ক্লাবগুলিকে সবসময় নিরপেক্ষতা রক্ষা করে চলা প্রয়োজন। এতে জনগণও ক্লাবগুলির উপর আস্থাশীল হতে পারে। আজ আগরতলা টাউনহলে স্বন্দন পত্রিকা আয়োজিত শারদ সম্মান অনুষ্ঠানের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, বর্তমানে রাজ্যে ক্লাব সংস্কৃতিতে অনেক পরিবর্তন এসেছে। বিগত দিনের মতো ক্লাবে ক্লাবে হিংসার পরিবেশ লক্ষ্য করা যায় না। ক্লাবগুলিকে শারদ সম্মান দেওয়ার অনুষ্ঠান খুবই উপযোগী। এই ধরনের অনুষ্ঠান আয়োজন করায় মুখ্যমন্ত্রী স্বন্দন পত্রিকা কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান।

মুখ্যমন্ত্রী আরও বলেন, এই বছর রাজ্যের শারদীয়া দুর্গোৎসবে মানুষের মধ্যে অনাবিল আনন্দ পরিলক্ষিত হয়েছে। গত বছরও উৎসবে আনন্দ ছিল। কিন্তু এই বছর কোনও প্রকার আইন শৃঙ্খলার খামতি লক্ষ্য করা যায়নি। মানুষের মধ্যে ছিল মিলন উৎসবের আমেজ। এবছরও তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং আগরতলা পুরনিগমের উদ্যোগে মেয়ের গমন অনুষ্ঠান আয়োজন করা হয়। এতে মানুষের মধ্যেও বিরাট সাড়া লক্ষ্য করা যায়। মুখ্যমন্ত্রী বলেন, বর্তমান রাজ্য সরকারও নিরপেক্ষ ভূমিকায় থেকে রাজ্য শান্তি সম্প্রীতির পরিবেশ বজায় রাখার জন্য কাজ করে চলছে।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ক্রীড়া সাংবাদিক সরযু চক্ৰবৰ্তী। এছাড়াও উপস্থিতি ছিলেন পুরনিগমের মেয়ের দীপক মজুমদার, বাংলাদেশের সহকারি হাইকমিশনার আরিফ মোহাম্মদ, স্বন্দন পত্রিকার সম্পাদক সুবল দে, স্বামী ত্রিকালন্দ মহারাজ প্রমুখ। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী সহ অতিথিগণ বিভিন্ন ক্লাবগুলিকে পুরস্কার তুলে দেন।

\*\*\*\*\*